পরিবারসমূহের কাছে 'সবার জন্য প্রি-কে' সুবিধার প্রতিশ্রুতি

একটি পূর্ণদিবস, উচ্চ মানসম্পন্ন 'প্রি-কে ফর অল' কর্মসূচিতে ফ্রি কর্মসূচি লাভের সুযোগ আপনার সন্তানের ও পরিবারের থাকা উচিৎ। ছেলেমেয়েদের শিক্ষায় সহযোগিতা দেওয়ার জন্য প্রি-কে ফর অল কর্মসূচিগুলো আপনাদের সাথে অংশীদারত্ব গড়ে তুলতে প্রতিশ্রুতিবদ্ধ। নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশনের দ্বারা প্রতিটি প্রি-কে ফর অল কর্মসূচি কঠোর গুণগত মান ও নীতির দ্বারা দায়বদ্ধ থাকে। প্রি-কে ফর অল কর্মসূচি নিম্নলিখিতগুলোর মাধ্যমে আপনার পরিবারকে সহায়তা করবে বলে প্রত্যাশা করতে পারেন...

আপনার সন্তানকে দিচ্ছে ফ্রি, পূর্ণ-দিবসের, উচ্চ-মানসম্পন্ন প্রি-কে-এর সুযোগ

- আপনি নিউ ইয়র্ক সিটিতে বাস করলে ও সন্তান ২০১২ সালে জন্মগ্রহণ করলে আপনার সন্তান প্রি-কে ফর অল কর্মসূচিতে ভর্তি হওয়ার যোগ্য।
- আপনার সন্তান ৬ ঘন্টা ২০ মিনিটের (বা সপ্তাহে তার সমতুল্য) একটি ফ্রি পূর্ণদিবসের শিক্ষানির্দেশনা লাভ করবে।
- প্রি-রেজিস্টার, ভর্তি কিংবা প্রি-কে ফর অল পরিষেবার জন্য আপনার পরিবারকে কোন মূল্য দিতে বলা যাবে না।
- আপনার পরিবারকে অন্য কোন কর্মসূচিতে অংশগ্রহণে পরিষেবা প্রদানকারী বাধ্য করতে পারবে না। যেমন, কোন কর্মসূচি আপনাকে তাদের দীর্ঘায়িত সময় বা আফটারস্কুল পরিষেবায় অংশ্যগ্রহণ বাধ্যতামূলক করতে পারবে না।
- আপনার সন্তানের বেড়ে উঠার পরিচায়ক চিহ্নগুলো প্রদর্শন করা (আচরণ বা সক্ষমতা, যা সাধারণত নির্দিষ্ট বয়সের ছেলেমেয়েদের মধ্যে দেখা যায়) আপনার সন্তানের প্রি-কে ক্লাসে ভর্তির যোগ্যতা নিরূপণে ব্যবহার করা যাবে না। যেমন, কোন কর্মসূচি আপনার সন্তানকে ভর্তি করতে অস্বীকার করতে পারবে না, যদি সে স্বাধীনভাবে বাথরুম ব্যবহার করতে বা স্বাধীনভাবে নিজের কাপড় পড়তে না পারে।[1]

আপনার সন্তানের জন্য একটি নিরাপদ ও সুস্থ শিক্ষণ প্রদান করা

- আপনার সন্তানের প্রি-কে কর্মসূচি হবে সুরক্ষিত ও পরিচ্ছন্ন স্থান।
- ছেলেমেয়েদেরকে সব সময় যেসব কর্মী তত্বাবধান করবেন, তারা বাধ্যতামূলক নিরাপত্তা ও ডাক্তারি ছাড়পত্র নিতে হয়।
- আপনার সন্তানের জন্য পুষ্টিকর খাবার পরিবেশন করা হবে।
- আপনাদের ছেলেমেয়েদের প্রি-কে ফর অল-এ অংশগ্রহণে সক্ষম করে তোলার জন্য প্রয়োজনীয় স্বাস্থ্যগত বা ডাক্তারি ব্যবস্থা দেওয়া হবে।

[1] কর্মসূচিগুলো প্রকৃত বা অনুমিত জাতি, ধর্ম, কৃষ্টি, জাতিগত পরিচয়, রাষ্ট্রিক পরিচয়, অভিভাসনগত অবস্থঅ, নাগরিকত্বের অবস্থা, প্রতিবন্ধিতা, যৌন পক্ষপাত, লিঙ্গ (লিঙ্গ পরিচয়) অথবা ওজন বিবেচনায় না নিয়ে সবাইকে শিক্সার সমসুযোগ দেয়া। এনওয়াইসি আরলি এডুকেশন সেন্টার (এনওয়াইসিইইসি)-এর কিছু প্রি-কে ফর অল কর্মসূচি হেড স্টার্ট বা এনওয়াইসি অ্যাডমিনিস্ট্রেশন ফর চিলড্রেন্স সার্ভিসেস- এর কাছ থেকে অর্থ বরাদ্দ লাভ করে। সন্তানদেরকে ভর্তি করাবার জন্য এসব কর্মসূচির আয়সংক্রান্ত ও অন্যান্য শর্তাবলি রয়েছে যা পরিবারসমূহকে অবশ্যই পূরণ করতে হবে। এসব কর্মসূচি ২০১৬ প্রি-কে কিন্ডারগার্টেন ডিরেক্টরিতে অন্তর্ভুক্ত আছে।

আপনার সন্তানের বেড়ে উঠায় সহায়ক শিক্ষণ প্রদান করা

- আপনার সন্তান একটি পূর্ণ দিবস শিক্ষানির্দেশনা লাভ করবে যা মৌলিক জ্ঞান ও দক্ষতার ভিত্তি তৈরি করে যার লূপরেখা নিউ ইয়র্ক স্টেট প্রি-কিন্ডারগার্টেন ফাউন্ডেশন ফর দা কমন কোর স্ট্যান্ডার্ড-এ দেওয়া আছে।

- স্ট্যান্ডার্ডগুলোর অন্তর্ভুক্ত আছে বেড়ে ওঠার পাঁচটি গুরুত্বপূর্ণ ক্ষত্র। শিক্ষণ প্রক্রিয়াসমূহ, শারীরিক গঠন ও স্বাস্থ্যগত, সামাজিক ও ,আনসিক গঠন, যোগাযোগ ও ভাষাগত দক্ষতা, এবং বিশ্ব সম্পর্কে ধারণা।

- আপনার সন্তানের শিক্ষক ও কর্মসূচির পরিচালক তার পদের সাথে মানানসই যোগ্যতার অধিকারী হবেন।

- আপনার সন্তানের শিক্ষক ও সহকারীগণ তাদেরকে শিখতে ও সচেষ্ট হতে, সহপাঠীদের সাথে সক্রিয়ভাবে অনুসন্ধান করতে, রুটিনের সাথে মানিয়ে নিতে, সমস্যা সমাধান করতে, এবং নতুন শব্দাবলি সারাদিন ব্যবহার করতে সহায়তা ও উৎসাহ দেবেন।

- আপনার সন্তান পুরো গ্রুপ, ক্ষুদ্র গ্রুপ, স্বাধীন ক্লাসরুমের অভিজ্ঞতা লাভে অংশগ্রহণের এবং সুবিস্তৃত শিক্ষা উপকরণ ব্যবহারের সুযোগ পাবে।

পরিবারসমূহের সাথে অংশীদারত্ব গড়ে তুলতে আমাদের প্রচেষ্টা

প্রতিটি ছেলেমেয়ের সম্ভবনার সর্বোচ্চ বিকাশ ঘটে পরিবার এবং শিক্ষণ কম্যুনিটির মধ্যে একটি সদাপ্রস্তুত অংশীদারত্ব তৈরির মাধ্যমে।[2]

এই অংশীদারত্ব জোরদার করতে প্রি-কে ফর অল যা করবে:

- একটি উষ্ণ ও আন্তরিক পরিবেশ তৈরি করবে যা আপনাদের পারিবারিক ভাষা ও সংস্কৃতিকে মর্যাদা প্রদান করবে।

- আপনাদের সাথে নিয়ে সন্তানের প্রি-কে ক্লাসে ভর্তি হওয়া ও উত্তীর্ণ হওয়ার পরিকল্পনা তৈরি করবে।

- সন্তানের শিক্ষণ এবং কর্মসূচির কৌশল ও কর্মকাণ্ডের গুরুত্বপূর্ণ তথ্য বিনিময়ের জন্য আপনাদের সাথে নিয়মিত যোগাযোগ রক্ষা করবে।

- সন্তানের শিক্ষণ অভিজ্ঞতা সম্পর্কে কোন সিদ্ধান্ত গ্রহণে আপনাকে অন্তর্ভুক্ত করবে।

- আপনার সন্তানকে ক্লাসরুমের বাইরে শেখার জন্য কর্মকাণ্ড ও ব্যবস্থা তৈরি করে দেবে।

পরিবারসমূহকে যা করার জন্য পরামর্শ দেওয়া হয়:

- আপনার সন্তান যেনো নিয়মিত প্রি-কে ক্লাসে উপস্থিত হয় এবং সে অনুপস্থিত থাকলে যেনো আপনারা জানিয়ে দেন, সেটা নিশ্চিত করবেন।

[2]Weiss, Heather, Margaret Caspe, and M. Elena Lopez. "Family Involvement in Early Childhood Education." *Family Involvement Makes a Difference*. Harvard Family Research Project, 2006.

- আপনার সন্তানকে প্রতিদিন সময়মতো দিয়ে এবং নিয়ে আসার জন্য একজন দায়িত্বশীল প্রাপ্তবয়স্ক ব্যক্তিকে দায়িত্ব দেওয়া এবং আপনার সন্তানরের কর্মসূচির নির্দিষ্ট নিরাপত্তা বিধি মেনে চলাসহ গুরুত্বপূর্ণ প্রক্রিয়াগুলো মেনে চলবেন।

- ভর্তিকালে প্রয়োজনীয় কাগজপত্র ও গুরুত্বপূর্ণ তথ্য প্রদান করবেন যা আপনার সন্তানের প্রয়োজনীয়তা সম্পর্কে জানতে শিক্ষক ও কর্মসূচির পরিচালকদেরকে সহযোগিতা করবে।

- সন্তানের কর্মসূচি কর্তৃক অনুরোধকৃত সভায় উপস্থিত হওয়াসহ আপনার সন্তানের কর্মসূচির স্টাফদেরকে আপনার সন্তানের শিক্ষণ ও বেড়ে ওঠায় সহযোগিতা করতে চলমান সংযোগ রক্ষায় অংশগ্রহণ করবেন।

- আপনার সন্তানকে ক্লাসরুমের বাইরে বাড়িতে শেখার জন্য প্রদত্ত হাতে-নাতে কর্মকাণ্ড ও অন্যান্য সুযোগসুবিধায় অংশগ্রহণ করবেন।

- আপনি যদি সন্তানের আচরণে বা শিক্ষাগত চাহিদায় কোন পরিবর্তন দেখেন, তা নিয়ে আপনার সন্তানের শিক্ষকের সাথে কথা বলবেন।
  আপনি যদি বিশ্বাস করেন যে আপনার সন্তানের কোন প্রতিবন্ধিতা বা বিলম্বিত বিকাশজনিত প্রতিবন্ধিতা রয়েছে যা তার শিখনের প্রতিবন্ধক, তাহলে সাধারণ শিক্ষা ব্যবস্থায় তার বেড়ে ওঠায় ও শিখনে সহায়তার জন্য কোন হস্তক্ষেপের প্রয়োজন আছে কিনা, তা নিয়ে প্রথমেই আপনার সন্তানের কর্মসূচির সাথে কথা বলুন। যদি কৌশল বাস্তবায়ন করা হয়ে থাকে এবং আপনি মনে করেন আপনার সন্তানের হয়তো স্পেশাল এডুকেশন সার্ভিসের প্রয়োজন আছে, আপনার সন্তানের কর্মসূচি এনওয়াইসিডিওই এর কমিটি অন প্রিস্কুল স্পেশাল এডুকেশন (সিপিএসই) বরাবর ফ্রি স্পেশাল এডুকেশন সার্ভিস লাভের জন্য একটি প্রাথমিক সুপারিশপত্র জমা দিয়ে সহায়তা করতে পারে।

কোন প্রশ্ন বা উদ্বেগ থাকলে নিচে প্রদত্ত নির্দেশনা অনুসণের জন্য পরিবারসমূহকে উৎসাহিত করা হয়:

কোন প্রশ্ন বা উদ্বেগ থাকলে সবার আগে সন্তানের শিক্ষক, কর্মসূচির সহায়ক স্টাফ, কিংবা কর্মসূচি পরিচালকদের সাথে কথা বলতে পরিবারসমূহকে সুপারিশ করা হয়।

যদি কর্মসূচির সহায়ক স্টাফগণ প্রশ্ন বা উদ্বেগের নিরসন করতে সক্ষম না হন, তাহলে পরিবারসমূহ নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশনের ডিপার্টমেন্ট অভ আরলি চাইল্ডহুড এডুকেশন (212)374-0351 নম্বরে বা EarlyChildhood@schools.nyc.gov ঠিকানায় যোগাযোগ করতে পারেন।